

# মেদিনীপুর সিটি কলেজের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা

নিজস্ব সংবাদদাতা, পশ্চিম মেদিনীপুর, ১৯ ডিসেম্বর— মেদিনীপুর শহরের উপকন্ত অবস্থিত মেদিনীপুর সিটি কলেজের চারদিনের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার আয়োজন করে কলেজ কর্তৃপক্ষ এই প্রতিযোগিতার পতাকা উত্তোলন, বর্ণাত্মক শোভাবাহন ও কুচকা আওয়াজের মধ্য দিয়ে শুভ সূচনা হয়। পতাকা উত্তোলন করেন মেদিনীপুর সিটি কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ কৃষ্ণল ঘোষ। উপস্থিত ছিলেন ডিপ্টি স্পোর্টস আয়োসিসিয়েশনের সম্পাদক সংজ্ঞিত তোরাই। চার দিন ধরে চল এই প্রতিযোগিতার বিষয় ছিল পৃথক পৃথক বিভাগে ক্রিকেট, ফুটবল, দৌড়, ঝাঁপ, রিলে রেস, বল প্লে, ব্যাডমিন্টন ইত্যাদি। ক্রিকেট বিভাগে কলেজের ১৮টি দল অংশগ্রহণ করেছিল। ক্রিকেটে চূড়ান্ত পর্যায়ের খেলাতে পদার্থবিদ্যা বিভাগকে পৰাজিত করে জয়ী হয় কৃষিবিদ্যা বিভাগ। ফুটবল খেলাতে

মহাবিদ্যালয়ের ২০টি দল অংশ নিয়েছিল। ফুটবলের চূড়ান্ত পর্যায়ের খেলাতে কৃষিবিদ্যা বিভাগকে ২০০ গোলে হারিয়ে জয়ী হয় বি এম এল টি বিভাগ। ফুটবল খেলাকে দিয়ে ছাত্র-ছাত্রীদের মধ্যে টানটন উৎসবেরা ও চরম উদ্দীপনা দেখা দেয়। শনিবার শেষ হওয়া মহাবিদ্যালয়ের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার সমষ্ট ইভেন্টে প্রায় ৫ শতাধিক ছাত্রছাত্রী যোগদান করেছিল। চার দিন ধরে চল এই সমষ্ট খেলাগুলি পরিচালনা করেন সিটি কলেজের স্পোর্টস কম্বিনেশন অধ্যাপক বিশ্বজিত মল্লিক। আগামী ৬ ফেব্রুয়ারি সিটি কলেজের প্রতিষ্ঠা দিবসে ছাত্র-ছাত্রীদের হাতে পুরস্কারগুলি তুলে দেওয়া হবে বলে জনা গচ্ছে। মেদিনীপুর সিটি কলেজের কর্তৃতার অধ্যাপক প্রদীপ ঘোষ বলেন, ২০২২ শিক্ষাবর্ষের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা আমরা চারদিন ধরে করলাম। বিভিন্ন ইভেন্টে ছেলেমেয়েদের যোগদান

ছিল সত্তিই চোখে পড়ার মতো। এই সময়কালে ছাত্র-ছাত্রীদের মোবাইল বিমুখ করে পুনরায় খেলার মাঠে ফিরিয়ে এনে বন্ধু দৃশ্য মনোভাবের মধ্য দিয়ে খেলায় অংশগ্রহণ করানোই আমার প্রথম এবং প্রধান লক্ষ্য।



ফুটবল প্রতিযোগিতা মেদিনীপুর শহরের অরবিন্দ স্টেডিয়ামে। সিটি কলেজের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা শুরু হয়েছে বুধবার থেকে। ফুটবল, ক্রিকেট, দৌড়-সহ একাধিক প্রতিযোগিতা চলছে। প্রতিযোগিতা শেষ হবে রবিবার। কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ কৃষ্ণল ঘোষ বলেন, “খেলা পরিচালনা করেন ক্রীড়ার দায়িত্বপ্রাপ্ত শিক্ষক বিশ্বজিত মল্লিক”

—নিতাই রক্ষিত

## কলেজ ক্রীড়া

**মেদিনীপুর:** মেদিনীপুর সিটি কলেজের বার্ষিক ক্রীড়া হল অরবিন্দ স্টেডিয়ামে। ফুটবল, ক্রিকেট, ব্যাডমিন্টন, দৌড়, লং জাম্প ও বল প্লে ইভেন্ট ছিল। ১৪ ডিসেম্বর থেকে চারদিনের প্রতিযোগিতা হয়।

A photograph of a football match. Several players in yellow and blue uniforms are visible on the field, with one player in yellow taking a shot at the goal. The goalpost and net are clearly visible in the foreground. The background shows other players and spectators.

■ মেদিনীপুর সিটি কলেজের বার্ষিক ক্রীড়ায় ফুটবল। নিজস্ব চিত্র